

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
উপজেলা কার্যালয়  
শ্রীবরদী, শেরপুর।

স্মারক নং-৫৬.০৪.৮৯৯০.০০০.০৬.০০১.২০-২০


তারিখ : ১৯ আগস্ট ২০২০ খ্রিঃ

বিষয়ঃ ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদকরণ প্রসঙ্গে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর ২০০৮ সালের নির্বাচনী ইত্তেহারে ঘোষণা দেওয়া “ডিজিটাল বাংলাদেশ” এখন আর অলীক কোন কল্পনা নয়। এখন আমরা রূপকল্প-২০২১ বাস্তবায়নের একেবারে দ্বারপ্রান্তে। ২০২১ সালের মধ্যে একটি প্রযুক্তি নির্ভর সুখি সমৃদ্ধ বাংলাদেশ গড়ার যে ঘোষণা দেওয়া হয়েছিল সেটা বাস্তবায়নের জন্য বর্তমান সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মানের সেই ধারাবাহিকতায় ২০১৪ সালে বাংলাদেশের জন্য তৈরি করা হয় পৃথিবীর সর্ববৃহৎ ওয়েব পোর্টাল বা জাতীয় তথ্য বাতায়ন। দেশের সকল নাগরিকের নিকট ইলেকট্রনিক যোগাযোগের মাধ্যমে অতি সহজে তথ্য সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১৪ সাল থেকে এখন পর্যন্ত(চলমান) ওয়েব পোর্টাল তৈরি, মেইনটেন্যান্স, ডোমেইন নেইম ক্রয়, হোস্টিং খরজ, ব্যান্ডউইথ ক্রয়, ইন্টারনেট কানেক্টিভিটি সহ যাবতীয় খরজ বহন করে যাচ্ছে। এর প্রেক্ষিতে আমাদের স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ না থাকায় সরকারের সেই উদ্দেশ্য পুরোপুরি ভাবে ব্যাহত হয়।

অতএব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রূপকল্প-২০২১ অর্থাৎ ডিজিটাল বাংলাদেশ গড়ার অংশ হিসেবে অত্র উপজেলার সকল দপ্তর প্রধানগণ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দদেরকে স্ব স্ব ওয়েব পোর্টাল হালনাগাদ করার নিমিত্তে কার্যকর পদক্ষেপ নেয়ার জন্য অনুরোধ করা হলো।

প্রাপক,  
উপজেলা..... অফিসার, শ্রীবরদী,  
শেরপুর।


  
(আশরাফুল ইসলাম)

সহকারী প্রোগ্রামার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
উপজেলা কার্যালয়, শ্রীবরদী, শেরপুর।

স্মারক নং-৫৬.০৪.৮৯৯০.০০০.০৬.০০১.২০-

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ১। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী, শেরপুর।
- ২। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, শেরপুর।
- ৩। অফিস কপি।

  
আশরাফুল ইসলাম  
সহকারী প্রোগ্রামার